কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়

নং- ১২. ০০. ০০০০. ০২২. ৩৬. ১০৩.২০. ১৬৮ তারিখঃ ০৫/০২/১৪২৭ ব:
১৯/০৫/২০২০ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৯-২০ অর্থবছরে আউশ প্রণোদনার জন্য ২৬৩. ৬৮ লক্ষ টাকা (২ কোটি ৬৩ লক্ষ ৬৮ হাজার টাকা ছাড়ে সরকারি আদেশ জারি।

সূত্রঃ অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১২০.০১৫.০২৬.২০১৯.৭০৪, তারিখঃ ১৯/০৪/২০২০

মহোদয়

আমি আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে খরিপ-১/ ২০২০-২১ মৌসুমে আউশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে আউস বীজ সহায়তা প্রদানের লক্ষ্যে ২৬৩. ৬৮ লক্ষ টাকা (২ কোটি ৬৩ লক্ষ ৬৮ হাজার) টাকার প্রণোদনা প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাব মোতাবেক ৫৩ জেলায় ৮২ হাজার ৪০০ জন কৃষককে উফশী আউশ চাষে প্রণোদনা প্রদান করা হবে। এ প্রণোদনায় বীজের প্রয়োজন হবে ৪১২ মেট্রিক টন (প্রজনন বীজ ৬. ৪০ মে.টন, ভিত্তি বীজ ৯৪. ২৭ মে.টন, প্রত্যায়িত বীজ ৩১১. ৩৩ মে. টন)। প্রতিটি কৃষককে বিঘা প্রতি ৫ কেজি বীজ সহায়তা প্রদান করা হবে যার জন্য কৃষক প্রতি ব্যয় হবে ৩২০. ০০ টাকা (পরিবহন ও আনুষঙ্গিক ব্যয়সহ)। সে হিসেবে ৪১২ মে. টন বীজের মূল্য হবে ২৬৩. ৬৮ লক্ষ টাকা।

বর্ণিতাবস্থায়, বীজ প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের অনুকূলে কৃষি মন্ত্রণালয়ের চলতি ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে ১৪৩০১০১-১২০০০০৬১৫-৩৫১১১০১ কৃষি ভর্তুকি খাতে বরাদ্দকৃত ৮০০০. ০০ কোটি টাকা হতে ২৬৩. ৬৮ লক্ষ টাকা নিম্নলিখিত ৫৩ জেলায় ব্যয় করার জন্য ছাড় মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

| ক্র.নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন) | উপকরণের / বীজের পরিমান (মে.টন) | উপকরণের / বীজের মূল্য (লক্ষ টাকা) | পরিবহন ব্যয় (লক্ষ টাকা) | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (লক্ষ টাকা) | মোট অন্যান্য ব্যয় (লক্ষ টাকা) | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ | নারায়ণগঞ্জ | ১০ | ০.০৫০ | ০.০৩০০০ | ০.০০১৫০ | ০.০০০৫০ | ০.০০২০০ | ০.০৩২০০ |
| ৩ | গাজীপুর | ১০ | ০.০৫০ | ০.০৩০০০ | ০.০০১৫০ | ০.০০০৫০ | ০.০০২০০ | ০.০৩২০০ |
| ৪ | নরসিংদি | ৫০ | ০.২৫০ | ০.১৫০০০ | ০.০০৭৫০ | ০.০০২৫০ | ০.০১০০০ | ০.১৬০০০ |
| ৫ | মুন্সীগঞ্জ | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ৬ | মানিকগঞ্জ | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ৭ | টাংগাইল | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ৮ | কিশোরগঞ্জ | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ৯ | ময়মনসিংহ | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ১০ | জামালপুর | ১২০ | ০.৬০০ | ০.৩৬০০০ | ০.০১৮০০ | ০.০০৬০০ | ০.০২৪০০ | ০.৩৮৪০০ |

| ক্র.নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন) | উপকরণের / বীজের পরিমান (মে.টন) | উপকরণের / বীজের মূল্য (লক্ষ টাকা) | পরিবহন ব্যয় (লক্ষ টাকা) | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (লক্ষ টাকা) | মোট অন্যান্য ব্যয় (লক্ষ টাকা) | মোট (লক্ষ টা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | শেরপুর | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ১২ | নেত্রকোনা | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ১৩ | কুমিল্লা | ৫০০০ | ২৫.০০০ | ১৫.০০০০০ | ০.৭৫০০০ | ০.২৫০০০ | ১.০০০০০ | ১৬.০০০০০ |
| ১৪ | চাঁদপুর | ৫০০ | ২.৫০০ | ১.৫০০০০ | ০.০৭৫০০ | ০.০২৫০০ | ০.১০০০০ | ১.৬০০০০ |
| ১৫ | বি,বাড়িয়া | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ১৬ | সিলেট | ৬০০০ | ৩০.০০০ | ১৮.০০০০০ | ০.৯০০০০ | ০.৩০০০০ | ১.২০০০০ | ১৯.২০০০০ |
| ১৭ | মৌলভীবাজার | ৬০০০ | ৩০.০০০ | ১৮.০০০০০ | ০.৯০০০০ | ০.৩০০০০ | ১.২০০০০ | ১৯.২০০০০ |
| ১৮ | হবিগঞ্জ | ৪০০০ | ২০.০০০ | ১২.০০০০০ | ০.৬০০০০ | ০.২০০০০ | ০.৮০০০০ | ১২.৮০০০০ |
| ১৯ | সুনামগঞ্জ | ৬০০ | ৩.০০০ | ১.৮০০০০ | ০.০৯০০০ | ০.০৩০০০ | ০.১২০০০ | ১.৯২০০০ |
| ২০ | চট্টগ্রাম | ১০০০ | ৫.০০০ | ৩.০০০০০ | ০.১৫০০০ | ০.০৫০০০ | ০.২০০০০ | ৩.২০০০০ |
| ২১ | কক্সবাজার | ৪০০ | ২.০০০ | ১.২০০০০ | ০.০৬০০০ | ০.০২০০০ | ০.০৮০০০ | ১.২৮০০০ |
| ২২ | নোয়াখালী | ২০০ | ১.০০০ | ০.৬০০০০ | ০.০৩০০০ | ০.০১০০০ | ০.০৪০০০ | ০.৬৪০০০ |
| ২৩ | ফেনি | ৪০০ | ২.০০০ | ১.২০০০০ | ০.০৬০০০ | ০.০২০০০ | ০.০৮০০০ | ১.২৮০০০ |
| ২৪ | লক্ষীপুর | ২০০ | ১.০০০ | ০.৬০০০০ | ০.০৩০০০ | ০.০১০০০ | ০.০৪০০০ | ০.৬৪০০০ |
| ২৫ | রাংগামাটি | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ২৬ | খাগরাছড়ি | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ২৭ | বান্দরবন | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ২৮ | রাজশাহী | ১৬০০ | ৮.০০০ | ৪.৮০০০০ | ০.২৪০০০ | ০.০৮০০০ | ০.৩২০০০ | ৫.১২০০০ |
| ২৯ | নওগাঁ | ৫০০ | ২.৫০০ | ১.৫০০০০ | ০.০৭৫০০ | ০.০২৫০০ | ০.১০০০০ | ১.৬০০০০ |
| ৩০ | নাটোর | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ৩১ | চাঁপাই নবাবগঞ্জ | ২০০০ | ১০.০০০ | ৬.০০০০০ | ০.৩০০০০ | ০.১০০০০ | ০.৪০০০০ | ৬.৪০০০০ |
| ৩২ | বগুড়া | ৪৮০০ | ২৪.০০০ | ১৪.৪০০০০ | ০.৭২০০০ | ০.২৪০০০ | ০.৯৬০০০ | ১৫.৩৬০০০ |
| ৩৩ | জয়পুরহাট | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ৩৪ | পাবনা | ৭০০ | ৩.৫০০ | ২.১০০০০ | ০.১০৫০০ | ০.০৩৫০০ | ০.১৪০০০ | ২.২৪০০০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ৪০০০ | ২০.০০০ | ১২.০০০০০ | ০.৬০০০০ | ০.২০০০০ | ০.৮০০০০ | ১২.৮০০০০ |
| ৩৬ | রংপুর | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ৩৭ | গাইবান্ধা | ৫০০ | ২.৫০০ | ১.৫০০০০ | ০.০৭৫০০ | ০.০২৫০০ | ০.১০০০০ | ১.৬০০০০ |
| ৩৮ | কুড়িগ্রাম | ১০০০ | ৫.০০০ | ৩.০০০০০ | ০.১৫০০০ | ০.০৫০০০ | ০.২০০০০ | ৩.২০০০০ |
| ৩৯ | লালমনিরহাট | ০ | ০.০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ |
| ৪০ | নীলফামারী | ১০০০ | ৫.০০০ | ৩.০০০০০ | ০.১৫০০০ | ০.০৫০০০ | ০.২০০০০ | ৩.২০০০০ |
| ৪১ | দিনাজপুর | ১৫০ | ০.৭৫০ | ০.৪৫০০০ | ০.০২২৫০ | ০.০০৭৫০ | ০.০৩০০০ | ০.৪৮০০০ |
| ৪২ | ঠাকুরগাঁও | ৪০০ | ২.০০০ | ১.২০০০০ | ০.০৬০০০ | ০.০২০০০ | ০.০৮০০০ | ১.২৮০০০ |
| ৪৩ | পঞ্চগড় | ৭৫০ | ৩.৭৫০ | ২.২৫০০০ | ০.১১২৫০ | ০.০৩৭৫০ | ০.১৫০০০ | ২.৪০০০০ |
| ৪৪ | যশোর | ৬০০ | ৩.০০০ | ১.৮০০০০ | ০.০৯০০০ | ০.০৩০০০ | ০.১২০০০ | ১.৯২০০০ |
| ৪৫ | ঝিনাইদহ | ২০০০ | ১০.০০০ | ৬.০০০০০ | ০.৩০০০০ | ০.১০০০০ | ০.৪০০০০ | ৬.৪০০০০ |
| ৪৬ | মাগুড়া | ৫৫০ | ২.৭৫০ | ১.৬৫০০০ | ০.০৮২৫০ | ০.০২৭৫০ | ০.১১০০০ | ১.৭৬০০০ |
| ৪৭ | কুষ্টিয়া | ৬০০০ | ৩০.০০০ | ১৮.০০০০০ | ০.৯০০০০ | ০.৩০০০০ | ১.২০০০০ | ১৯.২০০০০ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ৭৮০০ | ৩৯.০০০ | ২৩.৪০০০০ | ১.১৭০০০ | ০.৩৯০০০ | ১.৫৬০০০ | ২৪.৯৬০০০ |
| ৪৯ | মেহেরপুর | ৪০০০ | ২০.০০০ | ১২.০০০০০ | ০.৬০০০০ | ০.২০০০০ | ০.৮০০০০ | ১২.৮০০০০ |
| ৫০ | খুলনা | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |

| ক্র.নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন) | উপকরণের / বীজের পরিমান (মে.টন) | উপকরণের / বীজের মূল্য (লক্ষ টাকা) | পরিবহন ব্যয় (লক্ষ টাকা) | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (লক্ষ টাকা) | মোট অন্যান্য ব্যয় (লক্ষ টাকা) | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫১ | বাগেরহাট | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ৫২ | সাতক্ষীরা | ১২০০ | ৬.০০০ | ৩.৬০০০০ | ০.১৮০০০ | ০.০৬০০০ | ০.২৪০০০ | ৩.৮৪০০০ |
| ৫৩ | নড়াইল | ৯০০ | ৪.৫০০ | ২.৭০০০০ | ০.১৩৫০০ | ০.০৪৫০০ | ০.১৮০০০ | ২.৮৮০০০ |
| ৫৪ | বরিশাল | ২০৫০ | ১০.২৫০ | ৬.১৫০০০ | ০.৩০৭৫০ | ০.১০২৫০ | ০.৪১০০০ | ৬.৫৬০০০ |
| ৫৫ | পিরোজপুর | ৬০০ | ৩.০০০ | ১.৮০০০০ | ০.০৯০০০ | ০.০৩০০০ | ০.১২০০০ | ১.৯২০০০ |
| ৫৬ | ঝালোকাঠি | ২০০ | ১.০০০ | ০.৬০০০০ | ০.০৩০০০ | ০.০১০০০ | ০.০৪০০০ | ০.৬৪০০০ |
| ৫৭ | পটুয়াখালি | ১৮০০ | ৯.০০০ | ৫.৪০০০০ | ০.২৭০০০ | ০.০৯০০০ | ০.৩৬০০০ | ৫.৭৬০০০ |
| ৫৮ | বরগুনা | ৩১০০ | ১৫.৫০০ | ৯.৩০০০০ | ০.৪৬৫০০ | ০.১৫৫০০ | ০.৬২০০০ | ৯.৯২০০০ |
| ৫৯ | ভোলা | ৭৫০০ | ৩৭.৫০০ | ২২.৫০০০০ | ১.১২৫০০ | ০.৩৭৫০০ | ১.৫০০০০ | ২৪.০০০০০ |
| ৬০ | ফরিদপুর | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ৬১ | মাদারিপুর | ২৬০ | ১.৩০০ | ০.৭৮০০০ | ০.০৩৯০০ | ০.০১৩০০ | ০.০৫২০০ | ০.৮৩২০০ |
| ৬২ | গোপালগঞ্জ | ১০০ | ০.৫০০ | ০.৩০০০০ | ০.০১৫০০ | ০.০০৫০০ | ০.০২০০০ | ০.৩২০০০ |
| ৬৩ | রাজবাড়ী | ৫০ | ০.২৫০ | ০.১৫০০০ | ০.০০৭৫০ | ০.০০২৫০ | ০.০১০০০ | ০.১৬০০০ |
| ৬৪ | শরিয়তপুর | ১০০০ | ৫.০০০ | ৩.০০০০০ | ০.১৫০০০ | ০.০৫০০০ | ০.২০০০০ | ৩.২০০০০ |
| | মোট | ৮২৪০০ | ৪১২.০০০ | ২৪৭.২০০০০ | ১২.৩৬০০০ | ৪.১২০০০ | ১৬.৪৮০০০ | ২৬৩.৬৮০০০ |

এ প্রণোদনা বাস্তবায়ন সংক্রান্ত ১৯/০৫/২০২০ তারিখে স্বাক্ষরিত নীতিমালা /পদ্ধতি এর আওতায় যাবতীয় আর্থিক বিধিবিধান এবং নিম্নলিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করবেনঃ

শর্তাবলী:

১. ২০১৯- ২০ অর্থবছরে খরিপ- ১/২০২০- ২১ মৌসুমে উফশী আউশ প্রণোদনার ক্ষেত্রে এ অর্থ ব্যয় করা হবে তা চলমান "কৃষি পূনর্বাসন মঞ্জুরি" কার্যক্রমের সাথে এবং চলমান উন্নয়ন প্রকল্প/কর্মসূচি/চলমান অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহার নিশ্চিত করতে হবে এবং পরবর্তী প্রস্তাব প্রেরণের পূর্বে এ সংক্রান্ত প্রত্যয়ন প্রদান করতে হবে;

২. কৃষি মন্ত্রণালয় কর্তৃক ১৯/০৫/২০২০ খ্রিঃ তারিখে অনুমোদিত " ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ২০১৯- ২০ অর্থবছরে খরিপ- ১/২০২০- ২১ মৌসুমে উফশী আউশ আবাদ বৃদ্ধির জন্য প্রণোদনা হিসেবে বিনামূল্যে বীজ প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা/নির্দেশিকা" (সংযুক্ত)এর আলোকে এ প্রণোদনা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;

৩. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA 2006 এবং PPR 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি- বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

৪. ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন' ২০২০ এর মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে এবং সংশ্লিষ্ট কোডে সমন্বয় করতে হবে;

৫. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে।

স্বা:

মোঃ আমিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৯৫৪৫০৮১
ই- মেইল : moabudget@yahoo.com

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯- ৫১, মতিঝিল দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, প্রশাসন/ সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাঁটি/ বান্দরবান/ খাগড়াছড়ি।
৭. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নারায়ণগঞ্জ/ গাজীপুর/ নরসিংদি/ মুন্সীগঞ্জ/ টাংগাইল/ ময়মনসিংহ/ জামালপুর/ শেরপুর/ কুমিল্লা/ চাঁদপুর/ সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ চট্টগ্রাম/ কক্সবাজার/ নোয়াখালী/ ফেনি/লক্ষীপুর/ রাজশাহী/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ/ বগুড়া/ পাবনা/ সিরাজগঞ্জ/ গাইবান্ধা/ কুড়িগ্রাম/ নীলফামারী/ দিনাজপুর/ ঠাকুরগাঁও/ পঞ্চগড়/ যশোর/ ঝিনাইদহ/ মাগুড়া/ কুষ্টিয়া/ চুয়াডাঙ্গা/ মেহেরপুর/ খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ নড়াইল/ বরিশাল/ পিরোজপুর/ ঝালোকাঠি/ পটুয়াখালি/ বরগুনা/ ভোলা/ ফরিদপুর/ মাদারিপুর/ গোপালগঞ্জ/ রাজবাড়ী/ শরিয়তপুর ।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রোগামার, কৃষি মন্ত্রণালয়, ওয়েবসাইটে প্রকাশের জন্য।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯/০৩/২০২০

মোঃ আমিরুল ইসলাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
প্রশাসন অনুবিভাগ

**ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ২০১৯-২০ অর্থবছরে খরিপ-১/২০২০-২১ মৌসুমে উফশী আউশ আবাদ বৃদ্ধির জন্য প্রণোদনা হিসেবে বিনামূল্যে বীজ প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতি**

১. প্রতি ব্লকে উফশী আউশ চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করা যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে।

২. কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে কৃষি পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রমের নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি চলতি খরিপ-১ মৌসুমে উফশী আউশ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন এবং বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে।

৪. উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে উফশী আউশ চাষাবাদের উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন। তদানুযায়ী ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি স্থানীয় জনপ্রতিনিধির সহায়তায় প্রকৃত আউশ চাষাবাদকারী ও আগ্রহী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের অগ্রাধিকার তালিকা প্রণয়ন ও অনুমোদন করতে হবে।

৫. খরিপ-১/২০২০-২১ মৌসুমে উফশী আউশ চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র , আউশ চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। বিগত বছরে আউশ ধান চাষ করে নাই তাদের উৎসাহ প্রদানের জন্য অথবা চলতি বছরে বীজের অভাবে চাষ করতে পারছে না এমন কৃষক নির্বাচন করা যাবে।

৬. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত প্রতি কৃষক উফশী আউশ চাষের জন্য ৫ কেজি করে উফশী আউশ ধানের বীজ সহায়তা পাবেন অথবা চাহিদার ভিত্তিতে একজন কৃষককে একাধিক বিঘার জন্য (বিঘা প্রতি ৫ কেজি হারে) বীজ প্রদান করা যাবে।

৭. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ইউনিয়ন কৃষি পুনর্বাসন কমিটির মাধ্যমে এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তুকি অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে।

৮. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভূক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।

৯. সকল প্রকার ব্যয় ও সমন্বয় সরকারি আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।

১০. স্থানীয় উপযোগীতার ভিত্তিতে উফশী আউশ ধানের ভত্তিবীজ/প্রত্যায়িত বীজ (জাত: ব্রিধান-৪২/ব্রিধান-৪৩/ব্রিধান-৪৮/ব্রিধান-৫৫/ব্রিধান-৬৫/ব্রিধান-৮২/ব্রিধান-৮৫/বিনাধান-১৯) বিএডিসি/ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট হতে নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে। বিএডিসি/ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট প্রয়োজনীয় বীজ সরবরাহ করতে ব্যর্থ হলে স্থানীয়ভাবে উফশী জাতের আউশ ধান বীজ সরকারি বিধি অনুসরণপূর্বক ক্রয় করা যাবে।

১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে । উপকরণ বিতরণ শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে প্রেরণ করতে হবে এবং

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব (উপজেলা কৃষি অফিসার) এর অফিসে সংরক্ষিত থাকবে।

২৩.০৫.২০২০

মোঃ আরিফুর রহমান অপু
অতিরিক্ত সচিব